# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৫১

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ নিচু হাত হলো যেই হাত মানুষের কাছে সাহায্য চায়; সেই হাত নয় যা সাহায্য চাওয়া ছাড়াই কোন দান গ্রহণ করে মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْيَدَ السُّفْلَى هِيَ السَّائِلَةُ دُونَ الْآخِذَةِ بِغَيْرِ سُؤَالٍ

আরবী

3351 - أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدِ بْنِ الصَّبَّاحِ قَالَ: حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ قَالَ: حَدَّثَنِي أَبُو الزَّعْرَاءِ عَنْ أَبِي الْأَحْوَصِ عَنْ أَبِيهِ مَالِكِ بْنِ نَضْلَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الْأَيْدِي ثَلَاثَةٌ فَيَدُ اللَّهِ الْعُلْيَا وَيَدُ الْمُعْطِي الَّتِي تَلِيهَا وَيَدُ السُّفْلَى السَّائِلَةُ فَأَعْطِ الْفَضْلَ ولا تعجز عن نفسك)

الراوي : مَالِك بْن نَضْلَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3351 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1455).

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: فِي هَذَا الْخَبَرِ بَيَانٌ وَاضِحٌ بِأَنَّ الْأَخْبَارَ الَّتِي ذَكَرْنَاهَا - قَبْلُ - فِي كِتَابِنَا - هَذَا - أَنَّ الْيَدَ الْعُلْيَا خَيْرٌ مِنَ الْيَدِ السُّفْلَى أَرَادَ بِهِ أَنَّ يَدَ الْمُعْطِي خَيْرٌ مِنْ يَدِ الْآخِذِ وَإِنْ لَمْ يَسْأَلْ.

وَأَبُو الزَّعْرَاءِ - هَذَا - هُوَ الصَّغِيرُ وَاسْمُهُ عَمْرُو بْنُ عَمْرِو بْنِ مَالِكِ ابن أَخِي أَبِي الْأَحْوَصِ وَأَبُو الزَّعْرَاءِ الْكَبِيرُ اسْمُهُ عبد الله بن هانىء يَرْوِي عَنِ ابْنِ مَسْعُودٍ.

বাংলা

৩৩৫১. মালিক বিন নাযলাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “হাত তিন ধরণের। আল্লাহর হাত সমুন্নত। তারপরের হাত হলো, যে হাত (অন্যকে দান) দান করে আর নিচু হাত হলো সাহায্য প্রার্থী হাত। কাজেই উদ্বৃত্ত সম্পদ দান করো আর নফসের (চাহিদার) কাছে অক্ষম

হয়ে যেয়ো না।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসে স্পষ্ট বর্ণনা রয়েছে এই ব্যাপারে যে, আমরা এই কিতাবে যেসব হাদীস ইতিপূর্বে উল্লেখ করেছি এই মর্মে যে, নিচু হাত অপেক্ষা উঁচু হাত উত্তম, এর দ্বারা উদ্দেশ্য হলো দানকারীর হাত উত্তম গ্রহণকারীর হাতের চেয়ে, যদিও সে সাহায্য নিজে না চায়।

হাদীসের একজন রাবী আবুয যা‘রা হলেন ছোট আবুয যা‘রাহ, তার নাম আমর বিন আমর বিন মালিক, মালিকের বাবা হলেন আবুল আহওয়াসের ভাই। বড় আবুয যা‘রার নাম আব্দুল্লাহ বিন হানী। তিনি আব্দুল্লাহ বিন মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণনা করেছেন।

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪৭৩; আবূ দাঊদ: ১৬৪৯; হাকিম: ১/৪০৭; সুনান বাইহাকী: ৪/১৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৪৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মালিক বিন নাযলাহ (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92684

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন